দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে লোকমোর্চার উদ্যোগে ডায়ালগ ও লবি সভা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে লোকমোর্চার উদ্যোগে ডায়ালগ ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বেলা ১১টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় হাউলী ইউনিয়ন লোকমোর্চার সদস্যগণ,হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শহিদুল ইসলাম এর সাথে ইউনিয়ন পরিষদ প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে ডায়ালগ ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমানের সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শহিদুল ইসলাম। এসময় চেয়ারম্যান লোকমোর্চা প্রতিনিধিদের ভাতা প্রদান যাচাই-বাছাই কমিটিতে যুক্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ওয়ার্ড পর্যায়ে সঠিক তালিকা তৈরি করে ইউপি সদস্যদের কাছে প্রদানের জন্য আহ্বান জানান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান। হাউলী ইউনিয়ন লোকমোর্চার উপদেষ্টা টিপু সুলতান,যুগ্ন সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিলন, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, প্রচার সম্পাদক তানবিরুল ইসলাম রাসেল শাহ্, নির্বাহী সদস্য শমসের আলী, শারমিন সুলতানা,হাউলী ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য, জাহাঙ্গীর আলম টিক্কা,রিকাত আলী, আব্দুল্লাহ সেলিম,শাহাজামাল,রশনারা, রহিমা খাতুন সহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

[redacted]

[redacted]